ইত্তেফাক
তারিখ 0 8 MAR 1986
পৃষ্ঠা ১ কলাম ১

Sufan
300

# এসএসসি পরীক্ষার আজ দ্বিতীয় দিন

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (শনিবার) এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ল্যাটিন ভাষা ও চামড়ার কাজের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। আগামীকাল ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা।

এদিকে নাটোরের ইত্তেফাক সংবাদদাতা জানান, গত বৃহস্পতিবার লালপুর কেন্দ্রে ছাত্র-জনতা পরীক্ষা গ্রহণে বিঘ্ন সৃষ্টি করিলে

(২য় পৃঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

পুলিশ তাহাদের ছত্রভঙ্গ করার জন্য ৩ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। পুলিশ ২৩ জন শিক্ষক ও রাজনৈতিক নেতাকে গ্রেফতার করিয়াছে। পরে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

চলনবিলের সংবাদদাতা জানান, পুলিশ দুইজন প্রধান শিক্ষকসহ ৪ জনকে গ্রেফতার করিলে সৃষ্ট পরিস্থিতির জন্য তাড়াশ কেন্দ্রে যথাসময়ে পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। বেলা ১২টায় পরীক্ষা শুরু হয়।

মৌলবীবাজারের সংবাদদাতা জানান, রাজনগর কেন্দ্রে পরীক্ষা গ্রহণে বিঘ্ন সৃষ্টি করায় পুলিশ দুইজন শিক্ষককে গ্রেফতার করিয়াছে।

চৌমুহনী, কুলাউড়া ও খেপুপাড়া কেন্দ্রে স্বাভাবিকভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বগুড়ার সংবাদদাতা জানান, বগুড়ায় শিক্ষকদের আহ্বানে গত বৃহস্পতিবার অর্ধদিবস হরতাল পালিত হয়। পরীক্ষার্থীরা পায়ে হাঁটিয়া পরীক্ষা কেন্দ্রে আসে।